দৈনিক বাংলা

তারিখ ... 14 MAY 1990
পৃষ্ঠা ... 6 ... কলাম ...



শনিবার ডিগ্রী পরীক্ষার প্রথম দিন দিনাজপুর শহরের আদর্শ কলেজ কেন্দ্রে পরীক্ষার্থীদের দেহ তল্লাশী করে তিন বস্তা নকল উদ্ধার করা হয় —দৈনিক বাংলা

# নকলের দাবীতে পরীক্ষা বর্জন

বগুড়া, ১৩ই মে (ইউএনবি)।– জেলার সোনাতলা উপজেলার নাজির আখতার সরকারী কলেজ কেন্দ্রে বহিষ্কারের প্রতিবাদে এবং নকলের সুযোগ–সুবিধার দাবীতে মোট ১১৫ জন ডিগ্রি পরীক্ষার্থী তাদের পরীক্ষা বর্জন করে বলে আজ এখানে প্রত্যক্ষ–দর্শীরাজানান।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ডিগ্রি পরীক্ষার দ্বিতীয় দিনে আজ ম্যাজিস্ট্রেট শামসুল ইসলাম অসদুপায় অবলম্বনের জন্য ৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করলে পরীক্ষার্থীরা হল ত্যাগ করে।

তারা পরীক্ষায় অবাধে নকলেরও দাবীজানায়।

আজ ইংরেজী ও রসায়নশাস্ত্র প্রথম পত্র পরীক্ষার সময় জেলার ৫টি কেন্দ্র থেকে মোট ১১২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

এদিকে, আজ চাঁপাইনবাবগঞ্জ জেলায় দুটি কেন্দ্র থেকে ২৭ জন ডিগ্রি পরীক্ষার্থীকে বহিষ্কার করা

## ইউএনও'র বাসায় হামলা

চাঁপাইনবাবগঞ্জ থেকে আমাদের সংবাদদাতা জানান, নকলের দাবীতে একদল মারমুখী যুবক আজ মিছিল করে গোমস্তাপুর উপজেলা ইউএনওর বাসায় হামলা চালিয়ে ব্যাপক ক্ষতিসাধন করে। তারা টেলিফোন লাইন বিচ্ছিন্নসহ প্রতিটি ঘরের আসবাবপত্র ভাঙ্গচুর করে।

পুলিশ এ ব্যাপারে আতাউর রহমান নামে একজন ডিগ্রী পরীক্ষার্থীকে গ্রেফতার করেছে।

আজ রোহনপুর কলেজ কেন্দ্রে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীন ডিগ্রী পরীক্ষার দ্বিতীয় দিনে পরীক্ষার্থীরা হল থেকে ইনভেজিলেটরদের বের করে দিয়ে বেপরোয়াভাবে নকল করা শুরু করলে প্রশাসন ২২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করে। এর পরই কেন্দ্রের বাইরে একদল যুবক লাঠিসোটা, ককটেল সহকারে মিছিল করে ইউএনওর বাসায় হামলা চালায়। পুলিশ পরে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে এবং সুষ্ঠুভাবে পরীক্ষা সম্পন্ন হয়।

উল্লেখ্য, আজ ছিল ডিগ্রীর ইংরেজী পরীক্ষা।